পশ্চিমবঙ্গ সরকার
জেলাশাসক ও জেলা সমাহর্তার কার্য্যালয়, হুগলী
সংখ্যালঘু উন্নয়ন ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

স্মারক সংখ্যা- ৮৮৯/ এম. সি. তারিখ-২৮-০৪-১৭

কর্মতীর্থে (মার্কেটিং হাবে) "SPV" গঠনের মাধ্যমে স্টল বিতরণের বিজ্ঞপ্তি

পঃ বঃ সরকারের সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা বিভাগের বরাদ্দকৃত অর্থে নির্মিত চারটি 'কর্মতীর্থে '('মার্কেটিংহাবে') ও নির্মিয়মান ৫টি কর্মতীর্থে ('মার্কেটিংহাবে') (যার নির্মাণকার্য এই বছেরর শেষে শেষ হবে বলে আশা করা যায়), ব্যবহারকারী দল (UserGroups)বা "SPV"গঠনের মাধ্যমে স্টল বিতরণের লক্ষ্যে জেলার আগ্রহী ক্ষুদ্র শিল্পী, কারিগর, হস্তশিল্পী, ক্ষুদ্র শিল্পোদ্যোগী, SGSY গোষ্ঠী , SHG প্রভৃতিদের নিকট হতে সংযোজিত প্রোফরমায় আবেদনপত্র চাওয়া হচ্ছে।

ক্রমিক সংখ্যা	ব্লকের/ পৌরসভা নাম	কর্মতীর্থের নাম	স্টলের সংখ্যা	কর্মতীর্থের অবস্থান	স্টলের পরিমাণ
১.	আরামবাগ	আরামবাগ কর্মতীর্থ	৪৮	আরাণ্ডি বাজারের সন্নিকটে ,আরাণ্ডি, হুগলী।	কমপক্ষে ৫৫ বর্গফুট বা তার বেশি
২.	বাশঁবেড়িয়া পৌরসভা	বাশঁবেড়িয়া কর্মতীর্থ	৪৮	কামারপাড়া, বাশঁবেড়িয়া রেল স্টেশনের সন্নিকটে।	কমপক্ষে ৫৫ বর্গফুট বা তার বেশি
৩.	ধনিয়াখালি	ধনিয়াখালি কর্মতীর্থ	৪৮	সোমসপুর বাস স্টপেজের সন্নিকটে, সোমসপুর।	কমপক্ষে ৫৫ বর্গফুট বা তার বেশি
৪.	বলাগড়	বলাগড় কর্মতীর্থ	৪৮	দাদপুর, ডুমুরদহ স্টেশনের সন্নিকটে।	কমপক্ষে ৫৫ বর্গফুট বা তার বেশি
৫.	জাঙ্গীপাড়া	জাঙ্গীপাড়া কর্মতীর্থ	২৮	বাহানা বাস স্টপেজের সন্নিকটে।	কমপক্ষে ১০০ বর্গফুট বা তার বেশি
৬.	হরিপাল	হরিপাল কর্মতীর্থ	৩৪	হরিপাল ডাকবাংলো, ইউকো ব্যাঙ্কের বিপরীতে।	কমপক্ষে ১০০ বর্গফুট বা তার বেশি
৭.	চন্ডীতলা	চন্ডীতলা কর্মতীর্থ	৪০	শিয়াখালা বাস স্টপেজের সন্নিকটে।	কমপক্ষে ১০০ বর্গফুট বা তার বেশি
৮.	চাঁপদানী পৌরসভা	চাঁপদানী কর্মতীর্থ	৪০	গৌরহাটি, চাঁপদানী পৌরসভার' সন্নিকটে।	কমপক্ষে ১০০ বর্গফুট বা তার বেশি
৯.	খানাকুল	খানাকুল কর্মতীর্থ	১০২	চকভেদুয়া বাজার ও বাস স্টপেজের সন্নিকটে।	কমপক্ষে ৪৯ বর্গফুট

নিয়মাবলী:-

১. স্টলগুলিতে হস্তশিল্প, তাঁতশিল্প, পোষাক, কৃষিজাত দ্রব্য, প্রক্রিয়াকরনজাত খাদ্যদ্রব্য, নিত্যপ্রয়োজনীয় সামগ্রী, খাদ্যদ্রব্য, জরিশিল্প, চিকনশিল্প ইত্যাদি নানাবিধ দ্রব্যের স্টল খোলা যাবে।

২. কর্মতীর্থের নিকটবর্তী এলাকায় বসবাসকারী আবেদনকারীরা অগ্রধিকার পাবেন।

৩. উদ্যোগপতিদের নির্বাচনের সময় মেধা, ট্রেনিং, কর্মবিনিয়োগ বা এমপ্লয়েন্ট ব্যাঙ্কে নাম নথিভুক্তির বিষয়গুলি বিবেচিত হবে। SHG-এর ক্ষেত্রে NRLM গোষ্ঠীকে অগ্রাধিকার দেওয়া হবে।

৪. ব্যবহারকারী দলের(User Groups) সদস্যের মোট সংখ্যার **২৫% মহিলা** উদ্যোগীদের জন্য সংরক্ষিত থাকবে।

৫. ব্যবহারকারী দলের(User Groups) সদস্যের মোট সংখ্যার **১০%তফসিলি জাতি** ও তফসিলি উপজাতিদের জন্য সংরক্ষিত থাকবে।

৬. ২০%(২০ শতাংশ) প্রতিনিধিত্ব সংখ্যালঘু সম্প্রদায়ের জন্য সংরক্ষিত থাকবে।

৭. যদি তফসিলি উপজাতিদের মধ্যে থেকে উপযুক্ত আবেদনকারী না পাওয়া যায়, তবে তা তফসিলি জাতিদের জন্য সংরক্ষিত বলে বিবেচিত হবে।

৮. যদি উপযুক্ত তফসিলি জাতি আবেদনকারী না পাওয়া যায়, তবে তা অসংরক্ষিত ক্যাটাগরির জন্য বলে বিবেচিত হবে।

৯. আবেদনপত্র ডাকযোগে বা সরাসরি জেলার সংখ্যালঘু ভবন,(জীবন পালের বাগান, হুগলী) এছাড়াও জেলার সমস্ত এস.ডি.ও এবং বি.ডি.ও অফিসে **২২-০৫-২০১৭** তারিখের মধ্যে জমা দেওয়া যাবে (বিকাল ৪ ঘটিকা পর্যন্ত)।

১০. ডাকযোগে বিলম্বের ক্ষেত্রে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১১. আবেদনপত্রের ক্ষেত্রে সকল প্রয়োজনীয় কাগজপত্রাদি জমা দিতে হবে।

১২. নির্বাচনের পর "SPV"গঠনের মাধ্যমে ' কর্মতীর্থ' পরিচালিত হবে এবং এ বিষয়ে সংশিষ্ট নিয়মানুযায়ী দ্বারা সকল সদস্যকে পরিচালিত হতে হবে।

১৩. আবেদনপত্রে ' কী ধরণের ব্যবসা' (Nature of Business)তা অবশ্যই উল্লেখিত থাকবে।

১৪. একই ধরণের ব্যবসার জন্য সাধারণভাবে একটি স্টলই বরাদ্দ হতে পারে। এর জন্য প্রয়োজনীয় ড্র- এর (draw of lots) মাধ্যমে চূড়ান্ত সিদ্ধান্ত হবে। প্রয়োজনে সাক্ষাৎকারের ভিত্তিতে নির্বাচন হতে পারে।

১৫. স্টল বিতরণের পূর্বে, সকল সদস্যের নিকট হতে "SPV" আপফ্রন্ট (up-Front)সদস্য অনুদান(Contribution) বাবদ ৫০০/- টাকা সংগ্রহ করবেন।

১৬. "SPV" এবং স্টলের allote- এর মধ্যে প্রাথমিক ভাবে একবছরের বন্টন চুক্তি হবে যা পরে পূর্ণনবীকরন হবে।

১৭. বন্টনের পরে ৯০দিনের মধ্যে স্টল চালু করতে না পারলে স্টলের অ্যালটমেন্ট বাতিল বলে গণ্য হবে।

১৮. সমস্ত রকম পরিচালন ব্যবস্থা "KARMATIRTHA OPERATIONAL &MANAGEMENT RULES, 2014" ও নির্দিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত "উপবিধি" দ্বারা পরিচালিত হবে।

১৯. স্টল বন্টন ও উপভোক্তা নির্বাচন সহ সকল বিষয়ে সুনির্দিষ্ট নির্বাচন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত।

২০. আবেদনপত্রের সঙ্গে সমস্ত কাগজপত্রের প্রত্যয়িত ফটোকপি (যথা- জাতিগত শংসাপত্র, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ ইত্যাদি)

২১. বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন এই **ফোন নম্বরে - (০৩৩) ২৬৮০-৯৮৪০**

স্বা:

Sd/

অতিরিক্ত জেলাশাসক, (সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা বিভাগ)

হুগলী।

' কর্মতীর্থে' "SPV" গঠনের মাধ্যমে স্টল বিতরণের নমুনা আবেদনপত্র

প্রতি,

মাননীয় জেলাশাসক (সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা বিভাগ),
জীবন পালের বাগান, হুগলী মোড়,
হুগলী- ৭১২১০৩

মহাশয় ,

আমরা (সংস্থা, SGSY Groups ইত্যাদি) ব্যবসা পরিচলনার লক্ষ্যে... কর্মতীর্থে (কর্মতীর্থের নাম) একটি স্টল পেতে আগ্রহী ।

আমাদের সংস্থার বা গোষ্ঠীর পূর্ণাঙ্গ বিবরণ নীচে বর্ণিত করলাম।

১. গোষ্ঠী /সংস্থার নাম ও ঠিকানা :-

২. সরকারী রেজিষ্ট্রেশন নং:-

৩. গ্রেডিং এর স্ট্যাটাস:-

ক) ডি.আর.ডি.সি :-

খ) সংঘ:-

গ) অন্যান্য :-

৪. আর্থিক স্থিতি (সেভিংস স্ট্যাটাস) :-

৫. ব্যাঙ্ক থেকে যদি ক্রেডিট লিঙ্কেজ হয়ে থাকে ,তবে কত পরিমাণে :-

৬. যদি ব্যাঙ্ক ঋণ পেয়ে থাকেন, তার বিবরণ(SGSY ছাড়া)-

৭. কী ধরনের ব্যবসা করতে চান, তার পূর্ণাঙ্গ বিবরণ:-

৮. উক্ত ব্যবসায় কোনো পূর্ব অভিজ্ঞতা আছে কিনা :-

৯. সংস্থার বিশেষ কোনো প্রশিক্ষণ আছে কিনা?

ঘোষণাপত্র : আমরা এতদ্বারা ঘোষণা করছি যে,১) আমরা কর্মতীর্থে পরিচালন সম্পর্কিত সমস্ত বিধি ও উপবিধি মেনে চলব।২) যদি উপরিউক্ত বিধি ও উপবিধি মেনে চলতে ব্যর্থ হই ,তবে আমাদের, অ্যালটমেন্ট বাতিল হলে আমরা তা মেনে নিতে বাধ্য থাকব। ৩) এছাড়া উপরোক্ত বর্ণিত সমস্ত তথ্য সত্য, যদি মিথ্যা প্রমাণিত হয়, তবে অ্যালটমেন্ট বাতিল হলে আমাদের কোনোরূপ দাবী থাকবে না।

ইতি-

নির্দিষ্ট কতৃপক্ষের স্বাক্ষর ও সীল
(SGSY গোষ্ঠী ব্যতীত অন্যান্য ক্ষেত্রে)

দলনেত্রী সম্পাদকের স্বাক্ষর ও সীল(SGSY Groups)এর ক্ষেত্রে